# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১২০২

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩১. দ্বিতীয় অনুচ্ছেদ - রাতের সালাত

### আরবী

وَعَن أبي هُرَيْرَة قَالَ: كَانَ قِرَاءَةُ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِاللَّيْلِ يَرْفَعُ طَوْرًا وَيَخْفِضُ طَوْرًا. رَوَاهُ أَبُو دَاوُدَ

### বাংলা

১২০২-[১৫] আবূ হুরায়রাহ্ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর রাত্রের সালাতের ক্বিরাআত (কিরআত) বিভিন্ন রকমের হতো। কোন সময় তিনি শব্দ করে ক্বিরাআত (কিরআত) পাঠ করতেন, আবার কোন সময় নিচু স্বরে। (আবূ দাঊদ)[1]

### ফুটনোট

[1] হাসান : আবূ দাঊদ ১৩২৮।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: (يَرْفَعُ طَوْرًا وَيَخْفِضُ طَوْرًا) কখনো তিনি ক্বিরাআত (কিরআত) উচ্চৈঃস্বরে পাঠ করতেন আবার কখনো নিম্নস্বরে পাঠ করতেন। অর্থাৎ নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন একাকী থাকতেন তার নিকটে কেউ না থাকতো তখন রাতের সালাতে ক্বিরাআত (কিরআত) স্বরবে পাঠ করতেন। আর তাঁর নিকটে কোন ঘুমন্ত ব্যক্তি থাকলে নিম্নস্বরে ক্বিরাআত (কিরআত) পাঠ করতেন।

হাদীসের শিক্ষাঃ রাতের সালাতের ক্বিরাআত (কিরআত) স্বরবে এবং নীরবে উভয়ভাবেই পাঠ করা বৈধ।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55762

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন